মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার তারিখঃ ২৮/০৮/২০১৯ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[signature]
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[signature] 28.08.19
৮	[illegible handwriting]	CDA CGUP-3	[signature] 28.9.19
৯			

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৮/০৮/২০১৯ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. পৌরসভার বিভিন্ন কমিটিতে এবং মিটিং গুলিতে নারীদের অংশগ্রহণ বৃদ্ধিসহ নারীদের মতামত প্রকাশের সুযোগ দেওয়া প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২২/০৭/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
পৌরসভার বিভিন্ন কমিটিতে এবং মিটিং গুলিতে নারীদের অংশগ্রহণ বৃদ্ধিসহ নারীদের মতামত প্রকাশের সুযোগ দেওয়া প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, নারী ও শিশুর উন্নয়নে মেহেরপুর পৌরসভা কতৃক জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে বিভিন্ন কাজ করা হচ্ছে। বর্তমান সরকার নারীদের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এরই লক্ষে পৌরসভা পর্যায়ে অনেকগুলি কমিটি বিদ্যমান। এ সকল কমিটিতে নারীদের পদ রয়েছে। কিন্তু দুঃখের বিষয়, অনেক কমিটির মিটিং এ নারীদের উপস্থিতি কম আবার উপস্থিত থাকলেও নারী মিটিং এ মতামত প্রদান থেকে বিরত থাকে। যা খুবই হতাশাজনক। এবিষয়ে তিনি মেয়র সহ সকলের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, যে কোন মিটিং তিনি	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	নারীদের কথা অপেক্ষাকৃত মনোযোগ সহকারে শোনেন ও ব্যবস্থা গ্রহণ করে। তিনি আরোও বলেন, এখন থেকে নারীদের মিটিং এ সামনের সারিতে বসতে অনুরোধ জানোনো হবে এবং প্রতিটি মিটিং-এ তাদের মতামত প্রদানের জন্য বলা হবে। এ ব্যাপারে তিনি পরিষদের নারী কাউন্সিলদের ভূমিকা গ্রহণের জন্য বলেন।	
বিবিধ	জনাব মোছাঃ শিউলী খাতুন, মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, পৌরসভার প্রতিটি ক্ষেত্রেই নারীদের অধিকার বাস্তবায়ন করা জরুরী। অনেক ক্ষেত্রে নারী কাউন্সিলগণ তাদের অধিকার থেকে বঞ্চিত হয়। তিনি বলেন, একজন কাউন্সিলর হিসেবে তিনি যদি সঠিক মূল্যায়ন না পান তাহলে সাধারণ জনগন তা পাবে কিভাবে? মেয়র মহোদয় বলেন, সুস্পষ্ট ভাবে যদি অধিকারের কথা বলা হত তাহলে তার ব্যবস্থা অবশ্যই নেওয়া হবে। তিনি বলেন, তার পরিষদে প্রতিটি কাউন্সিল সমান। ভবিষ্যতে এ ব্যাপারে আরোও কঠোর ভাবে এর মনিটরিং করা হবে।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।